



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর
বাংলাদেশ, ঢাকা।
বেসরকারি কলেজ শাখা
www.dshe.gov.bd



স্মারক নম্বর: ৩৭.০২.০০০০.১০৫.৯৯.০১০.২১.১১০

১৪ চৈত্র ১৪৩০ বঙ্গাব্দ
তারিখ: ২৮ মার্চ ২০২৪ খ্রিস্টাব্দ

বিষয়: মতামত/ব্যাখ্যা প্রদান।

সূত্র: ১। যুগান্তর পত্রিকায় ১০/১২/২০২৩খ্রি. তারিখে প্রকাশিত খবর

২। তদন্ত কর্মকর্তার স্মারক নং- মাসমক/২০২৪/১১৯; তারিখ: ২৫/০২/২০২৪খ্রি.

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, সূত্রস্থ স্মারক মোতাবেক মানিকগঞ্জ জেলার সাটুরিয়া উপজেলাধীন সাটুরিয়া সৈয়দ কালু শাহ কলেজে অধ্যক্ষ নিয়োগে ব্যাপক অনিয়ম ও দুর্নীতিসহ মোটা অঙ্কের অর্থ বাণিজ্যের অভিযোগ উঠেছে। জাতীয় বিশ্ববিদ্যালয়ের নিয়োগ বিধিমালা উপেক্ষা করে পছন্দের প্রার্থীকে নিয়োগ দিতে ২৫ নম্বরের স্থলে ৫০ নম্বরের লিখিত পরীক্ষা নেওয়া হয়েছে। তাও আবার মাত্র ৪৫ মিনিটের মধ্যে। এদিকে নিয়োগ পরীক্ষায় মাধ্যমিক শিক্ষা অধিদপ্তর থেকে কোনো প্রতিনিধি মনোনীত পত্র প্রেরণের আগেই কলেজের ভারপ্রাপ্ত অধ্যক্ষ অজ্ঞাত কারণে তড়িঘড়ি করে মানিকগঞ্জ সরকারি দেবেন্দ্র কলেজের অধ্যক্ষকে ডিজির প্রতিনিধি বানিয়ে নিয়োগ পরীক্ষার ব্যবস্থা করেন বলেও অভিযোগ পাওয়া গেছে। এসব ঘটনায় নিয়োগ পরীক্ষায় অংশ নেওয়া উপাধ্যক্ষ আমিনুর রহমান খান মজলিশ অভিযোগ করেছেন। যা যুগান্তর পত্রিকায় ১০/১২/২০২৩খ্রি. তারিখে প্রকাশিত হয়েছে।

বর্ণিত বিষয়ে সরেজমিন তদন্ত পূর্বক সুস্পষ্ট মতামতসহ প্রতিবেদন দাখিলের জন্য অধ্যক্ষ, মানিকগঞ্জ সরকারি মহিলা কলেজ, মানিকগঞ্জ এবং তার মনোনীত একই কলেজের দুইজন বিসিএস সাধারণ শিক্ষা ক্যাডার কর্মকর্তাকে স্মারক নং-৩৭.০২.০০০০.১০৫.৯৯.০১০.২১.১১৯; তারিখ: ১৫/১৫/২০২৪খ্রি. মোতাবেক তদন্ত কর্মকর্তা মনোনয়ন করা হয়। তদন্ত কর্মকর্তা স্মারক নং- মাসমক/২০২৪/১১৯; তারিখ: ২৫/০২/২০২৪খ্রি. মোতাবেক তদন্ত প্রতিবেদন প্রেরণ করেন।

তদন্ত কমিটির মতামত নিম্নরূপ: অধ্যক্ষ পদে নিয়োগ প্রক্রিয়ার কার্যক্রম ধারাবাহিকভাবে প্রতিপালন করা হয়েছে। তবে লিখিত পরীক্ষার নম্বর জাতীয় বিশ্ববিদ্যালয় নির্ধারিত ২৫ নম্বরের পরিবর্তে ৫০ নম্বরে নেয়া হয়েছে। বিষয়টি সরল বিশ্বাস এবং প্রশ্নের ধরন রচনামূলক হওয়ার কারণে হয়েছে বলে তদন্ত কমিটির নিকট প্রতীয়মান হয়েছে। নিয়োগ কমিটি কর্তৃক প্রস্তুতকৃত মেধা তালিকা সঠিক বলে প্রতীয়মান হয়েছে।

এমতাবস্থায়, বর্ণিত বিষয়ে তদন্ত কর্মকর্তার মতামতের প্রেক্ষিতে ৫ কর্মদিবসের মধ্যে ব্যাখ্যা প্রদানের জন্য অধ্যক্ষকে এবং একই বিষয়ে মতামত প্রদানের জন্য সভাপতিকে নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

২৮-০৩-২০২৪

তপন কুমার দাস

সহকারী পরিচালক

০২-৯৫৫৬০৫৭

ncollege@dshe.gov.bd

বিতরণ(জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১। সভাপতি, পরিচালনা পরিষদ, সাটুরিয়া সৈয়দ কালু শাহ কলেজ, সাটুরিয়া, মানিকগঞ্জ এবং

২। অধ্যক্ষ, সাটুরিয়া সৈয়দ কালু শাহ কলেজ, সাটুরিয়া, মানিকগঞ্জ।

স্মারক নম্বর:

১৪ চৈত্র ১৪৩০ বঙ্গাব্দ
তারিখ: ২৮ মার্চ ২০২৪ খ্রিস্টাব্দ

সদয় জ্ঞাতার্থে/জ্ঞাতার্থে(জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ১। পরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা, ঢাকা অঞ্চল, ঢাকা;
- ২। জেলা শিক্ষা অফিসার, মানিকগঞ্জ (পত্রটি প্রাপকের নিকট পৌছানোর অনুরোধসহ);
- ৩। সিনিয়র সিস্টেম এনালিস্ট ই.এম.আই.এস.সেল, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, বাংলাদেশ, ঢাকা। (মাউশি অধিদপ্তরের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ) এবং
- ৪। সংরক্ষন নথি।



২৮-০৩-২০২৪
তপন কুমার দাস
সহকারী পরিচালক